গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুলাউড়া, মৌলভীবাজার
www.kulaura.moulvibazar.gov.bd

## সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তরের সমন্বয়ে ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মাহমুদুর রহমান মামুন
উপজেলা নির্বাহী অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ১২/০২/২০২৪ সময়: বেলা ০২.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সরকারি সকল সংস্থা/দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদকরণের পাশাপাশি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখ করা সময়ের মধ্যেই প্রতিশ্রুত সেবা প্রদান করাসহ সেবা প্রদান সহজীকরণেরন বিষয়ে গুরুত্বারোপ করেন।

<u>ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ:</u>

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | <u>আওতাধীন সংস্থা/দপ্তরের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন :</u><br>সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন সংস্থা/দপ্তরের সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকে সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | ১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন সংস্থা/দপ্তরের সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকে সভা আয়োজন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া |
| ২ | <u>সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) যথাযথভাবে প্রণয়ন করা:</u><br>আওতাধীন সংস্থা/দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) যথাযথভাবে প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২.১ আওতাধীন সংস্থা/দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) যথাযথভাবে প্রণয়নকালে সচরাচর যে ত্রুটিসমূহ পরিলক্ষিত হয়, তা সংশোধন/পরিহারক্রমে স্ব স্ব অফিসের সিটিজেন চার্টার প্রণয়ন করতে হবে। | |
| ৩ | <u>সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বর্ণিত সেবাসমূহ সঠিক সময়ে সম্পাদন করা:</u><br>সকল অফিসের নিজ নিজ সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩.১ স্ব স্ব অফিসের সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | |
| ৪ | <u>পরিবীক্ষণ কমিটি পুর্নগঠন:</u><br>ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রুতশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৪.১ প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রুতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোড ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।<br>৪.২ কোন ত্রৈমাসিকে কমিটি পুনর্গঠনের প্রয়োজন না হলে সে সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।<br>৪.৩ পরিবীক্ষণ কমিটিতে গৃহীত সিদ্ধন্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন স্ব স্ব | |

| | | | |
|---|---|---|---|
| | | উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | |
| ৫ | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার আয়োজন:** ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৫.১ ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকে একটি করে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.১২.২৪

(মাহমুদুর রহমান মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার
মোবাইল : ০১৭৩০-৩৩১০৭৪
ই-মেইল : unokulaura@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৩৫.০০১.০৩.০১৫.২০- ১৬৮ তারিখঃ ১২/০২/২০২৪

১। জেলা প্রশাসক, মৌলভীবাজার
২। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক উপজেলা কমিটির সদস্য,..................................................কুলাউড়া, মৌলভীবাজার
৩। উপজেলা ................................................অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার
৪। অফিস কপি